

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২০, ২০২৬

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

বাংলাদেশ ব্যাংক  
ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-২  
প্রধান কার্যালয়, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

প্রজ্ঞাপন

তারিখ: ১১ চৈত্র ১৪৩২/২৫ মার্চ ২০২৬

নং-বিআরপিডি-২(আর-১)(ল'রিভিউ)৭১৭/২০২৬-৮৭৩—ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) এর ১২১ ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, দেশের প্রয়োজনীয় এলপিজি আমদানিতে এলসি জটিলতা নিরসনে তথা এলপিজি সরবরাহ নির্বিঘ্ন রাখিবার লক্ষ্যে উক্ত খাতের আমদানির জন্য এলপিজি আমদানিকারক কোনো একক ব্যক্তি, প্রতিষ্ঠান বা গ্রুপকে কোনো ব্যাংক কর্তৃক ঋণ প্রদানে বাংলাদেশ ব্যাংক হইতে অনুমোদন প্রদানের ক্ষেত্রে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬খ(১) ধারার শর্তাংশে বর্ণিত বিধান আগামী ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত কার্যকর হইবে না। তবে, ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬খ(১) ধারার শর্তাংশে উল্লিখিত ২৫% উর্ধ্বসীমার স্থলে আগামী ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত উর্ধ্বসীমা কত হইবে তাহা বাংলাদেশ ব্যাংক নির্ধারণ করিবে।

ড. মোঃ কবির আহম্মদ  
ডেপুটি গভর্নর  
বাংলাদেশ ব্যাংক।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(১৮০৭৭)

মূল্য : টাকা ৪.০০